

নতুন ধারার দৈনিক

আমাদের সময়

অস্থিতিশীল পদ্ধতির লেখাপড়ায় প্রভাব পড়ছে পরীক্ষার ফলে

প্রকাশ | ০৭ মে ২০১৮, ০০:০০



নিজস্ব প্রতিবেদক

একটি অস্থিতিশীল পদ্ধতির মধ্য দিয়ে পার হচ্ছে শিক্ষাব্যবস্থা। একটি লক্ষ্য স্থির করা যায়নি। আমাদের ছেলেমেয়েরা প্রতিনিয়ত নানা পরিবর্তন ও নতুন নতুন নিয়মের মধ্য দিয়ে পাড়ি দিচ্ছে। এর প্রভাব পড়ছে পরীক্ষার ফলে। গতকাল রাতে এসএসসি ও সমমানের পরীক্ষার ফল নিয়ে মাইলস্টোন কলেজের প্রশাসনিক অধ্যক্ষ লে. কর্নেল এম কামালউদ্দিন ভূঁইয়া আমাদের সময়ের সঙ্গে এসব কথা বলেন। মাধ্যমিকের ফলের নিম্নসূচক প্রসঙ্গে তিনি বলেন, আমাদের শিক্ষাব্যবস্থার মধ্যে একটি অস্থিরতার পরিচয় পাওয়া যায়। আমাদের সঠিক লক্ষ্যস্থল কীভাবে পৌঁছব। তা চিন্তা করছি। এখনো নানা ধরনের এক্সপেরিমেন্ট চলছে।

জিপিএ-৫ একমাত্র শিক্ষার উন্নতির চাবিকাঠি বলা যাবে না। একটি শিক্ষাব্যবস্থায় শিক্ষা বিস্তারে শিক্ষার্থীদের মেধা, শিক্ষকদের যোগ্যতা সমষ্টিগত উন্নীতি দেখতে হলে আরও অনেক কিছু করার আছে। জিপিএ-৫ বেড়েছে। পাসের হার কমেছে। এর মানে এই নয় আমাদের শিক্ষা এগিয়ে কিংবা পিছিয়ে গেছে। আমি আশাবাদী, আমাদের শিক্ষাবিদরা যেভাবে চিন্তা করছেন, সামনে আরও ভালো কিছু আসবে। প্রশ্নপত্র ফাঁসের প্রভাব ফলেও পড়েছে উল্লেখ করে কামালউদ্দিন ভূঁইয়া বলেন, প্রশ্নফাঁসে শিক্ষার্থীদের মানসিক বিধ্বস্ত করে দিয়েছে। তারা এক ধরনের প্রস্তুতি নিয়ে পরীক্ষার হলে গেছে। গিয়ে শুনে প্রশ্নফাঁস হয়েছে। এতে তার প্রস্তুতি মোতাবেক পরীক্ষা দিতে পারছে না।

নিরুপায় হয়ে পড়েছে। বিব্রতকর অবস্থার অভিজ্ঞতা তারাই বলতে পারবে।

প্রশ্নপত্র ফাঁস একটি জাতীয় উদ্বেগে উপনীত হয়ে পড়েছে। দেখছি, চলমান এইচএসসি পরীক্ষায় এর কোনো প্রভাব পড়েছে না। আমরা আশাবাদী এ ধারাবাহিকতা বজায় থাকবে।

উল্লেখ্য, ২০০৯ সালের মাধ্যমিক পরীক্ষায় পাসের হার ছিল ৭০.৮৯ শতাংশ। পরের বছর ২০১০ সালে ৭৯.৯৮ শতাংশ। ২০১১ সালে ৮২.৩১ শতাংশ। ২০১২ সালে ৮৬.৩৭ শতাংশ। ২০১৩ সালে ৮৯.০৩ শতাংশ। ২০১৪ সালে পাসের হার ছিল ৯১.৩৪ শতাংশ, যা ২০১৫ সালে নেমে যায় ৮৭.০৪ শতাংশে। ফল বিপর্যয়ের কারণ হিসেবে চিহ্নিত করা হয় ওই বছর বিএনপি-জামায়াত হরতাল-অবরোধ কর্মসূচিকে। পরের বছর ফল বিপর্যয় কাটিয়ে ফের ২০১৬ সালে পাসের হার ছিল ৮৮.২৯ শতাংশ। গত বছর পাসের হার ছিল ৮০.৩৫ শতাংশে। এবার ৭৭.৭৭ শতাংশ পাস, যা গত বছর থেকে ২.৫৮ শতাংশ কম।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৮৮৭৮২১৩-১৮ ফ্যাক্স: ৮৮৭৮২২১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com